 সমাধান: ম্যাক্রো এলিমেন্ট: যেসব মৌল উদ্ভিদের অধিক পরিমাণে প্রয়োজন হয় সেগুলো ম্যাক্রো এলিমেন্ট।  
 ম্যাক্রোমৌল ৯ টি: H, C, O, N, K, Ca, Mg, P, S.  
 মাইক্রো এলিমেন্ট: যেসব মৌল উদ্ভিদের অপেক্ষাকৃত কম পরিমাণে প্রয়োজন হয় সেগুলো মাইক্রো এলিমেন্ট।  
 মাইক্রোমৌল ৮ টি: Cl, B, Fe, Mn, Zn, Cu, Ni, Mo.

Concept:

প্রস্বেদনের প্রকারভেদ:

(ক) পত্ররঞ্জীয় প্রস্বেদন (শতকরা ৯৫-৯৮ ভাগ)	➤ পাতাই প্রস্বেদনের প্রধান অঙ্গ।
(খ) লেন্টিকুলার প্রস্বেদন (শতকরা ১ ভাগ)	➤ কাণ্ডের লেন্টিসেলের মধ্য দিয়ে হয়।
(গ) ত্বকীয় প্রস্বেদন (শতকরা ২-৫ ভাগ)	➤ পত্রত্বকের কিউটিকলের মধ্য দিয়ে হয়। ➤ পত্ররঞ্জীয় প্রস্বেদন বন্ধ হয়ে গেলেও ত্বকীয় প্রস্বেদন চলতে পারে।

আধুনিক মতবাদ অনুযায়ী পত্ররঞ্জ বন্ধ এবং খোলা রাখার ব্যাপারে পটাশিয়াম আয়নকে ( $K^+$ ) দায়ী করা হয়।

গ্যানং পটোমিটার -এর সাহায্যে প্রস্বেদন হার নির্ণয় করা যায়।

প্রস্বেদনের প্রভাবকসমূহ:

বাহ্যিক প্রভাবকসমূহ	অভ্যন্তরীণ প্রভাবকসমূহ
➤ ↑ প্রখর সূর্যালোক → ↑ প্রস্বেদন (ব্লু লাইট পত্ররঞ্জ খোলা ত্বরান্বিত করে)	➤ মূল - বিটপ অনুপাত (মূল-কাণ্ড অনুপাত)
➤ ↑ বায়ুমণ্ডলের তাপমাত্রা → ↑ প্রস্বেদন	➤ পাতার গঠন
➤ ↓ আপেক্ষিক আর্দ্রতা → ↑ প্রস্বেদন	➤ ↑ পাতার আয়তন ও সংখ্যা → ↑ প্রস্বেদন
➤ ↑ বায়ু প্রবাহ → ↑ প্রস্বেদন	➤ ↑ মেসোফিল টিস্যুতে পানির পরিমাণ → ↑ প্রস্বেদন
➤ ↑ মাটিস্থ পানি → ↑ প্রস্বেদন	➤ ↑ জীবনীশক্তি → ↑ প্রস্বেদন
➤ ↑ আবহমণ্ডলের চাপ → ↓ প্রস্বেদন	➤ ↑ পত্ররঞ্জ → ↑ প্রস্বেদন

MCQ

01. পত্ররঞ্জ উন্মোচন ও বন্ধ হওয়া নিয়ন্ত্রণ করে না কোনটি? [GST'23-24] [Ans: a]  
 (a) ম্যাগনেসিয়াম আয়ন (b) স্টার্চ (c) পটাশিয়াম আয়ন (d) গ্লুকোজ-৬-ফসফেট  
 ব্যাখ্যা: পত্ররঞ্জ বন্ধ হওয়ার ক্ষেত্রে অবদান রাখে স্টার্চ, পটাশিয়াম আয়ন, হাইড্রোজেন আয়ন, গ্লুকোজ।
02. কোনটি প্রস্বেদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাবক? [JU'23-24] [Ans: b]  
 (a) তাপমাত্রা (b) আলো (c)  $CO_2$  এর ঘনত্ব (d) বায়ুচাপ
03. প্রস্বেদনের সময় পানির সঙ্গে কোন পদার্থটি নির্গত হয়ে রোগ প্রতিরোধে সাহায্য করে? [JU'23-24] [Ans: b]  
 (a) জৈব অ্যাসিড (b) লবণ (c) হরমোন (d) এনজাইম
04. উদ্ভিদ দেহে প্রস্বেদনে প্রধান অঙ্গ কোনটি? [RU'23-24] [Ans: d]  
 (a) লেন্টিসেল (b) গ্রন্থিটিস্যু (c) ত্বকীয় কোষ (d) পত্ররঞ্জ
05. রক্ষীকোষে পটাশিয়াম আয়নের ( $K^+$ ) ঘনত্ব বৃদ্ধি পেলে কি ঘটে? [CU'23-24] [Ans: b]  
 (i) রক্ষীকোষের অভিস্রবণিক চাপ বৃদ্ধি পায় (ii) রক্ষীকোষের স্ফীতিচাপ হ্রাস পায়  
 (iii) রক্ষীকোষে পানি প্রবেশ করে  
 নিচের কোনটি সঠিক?  
 (a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii  
 ব্যাখ্যা: রক্ষীকোষে  $K^+$  প্রবেশ করলে কোষস্থ দ্রবণে দ্রব্যের ঘনত্ব বৃদ্ধি পায় এবং পার্শ্ববর্তী কোষ থেকে অভিস্রবণ প্রক্রিয়ায় পানি রক্ষীকোষে প্রবেশ করে। ফলে রক্ষীকোষে স্ফীত হয় এবং পত্ররঞ্জ খুলে যায়।
06. কোন আলোক বর্ণালির উপস্থিতিতে পাতার রক্ষীকোষে  $K^+$  প্রবেশ করে? [GST'22-23] [Ans: b]  
 (a) লাল (b) নীল (c) হলুদ (d) সবুজ  
 ব্যাখ্যা: নীল আলো পত্ররঞ্জ খোলা ত্বরান্বিত করে। ফলে  $K^+$  প্রবেশ করতে পারে।




07. অঙ্কুরোদগমের সময় বীজ কোন প্রক্রিয়ায় পানি শোষণ করে? [DU'21-22] [Ans: b]  
 (a) ব্যাপন (b) ইমবাইবিশন (c) অভিস্রবণ (d) প্রস্বেদন  
 ব্যাখ্যা: কলয়েড জাতীয় শুষ্ক বা আংশিক শুষ্ক পদার্থ কর্তৃক তরল পদার্থ শোষণের বিশেষ প্রক্রিয়াকে ইমবাইবিশন বলে। বীজে স্টার্চ থাকে যা কলয়েড জাতীয় পদার্থ।
08. উদ্ভিদের প্রস্বেদনের হার কার সাহায্যে নির্ণয় করা হয়? [RU'21-22] [Ans: a]  
 (a) গ্যানং পটোমিটার (b) ল্যান্টিমিটার (c) ল্যাকটোমিটার (d) pH মিটার
09. আধুনিক ধারণায় পত্ররক্ত খোলা বা বন্ধ হওয়ার জন্য দায়ী কোনটি? [RU'21-22] [Ans: b]  
 (a)  $Ca^{++}$  (b)  $K^+$  (c)  $Na^+$  (d) pH
10. কোন আলোতে পত্ররক্তের খোলা ত্বরান্বিত হয়? [Agri'21-22; JU'19-20] [Ans: b]  
 (a) লাল (b) নীল (c) হলুদ (d) কমলা
11. আবহাওয়ামণ্ডলের কি ধরনের পরিবর্তনের কারণে প্রস্বেদনের হার বৃদ্ধি পায়? [JU'19-20] [Ans: a]  
 (a) বায়ু চাপ কমে গেলে (b) বায়ু চাপ বৃদ্ধি পেলে (c) বায়ু প্রবাহ কমে গেলে (d) আর্দ্রতা বৃদ্ধি পেলে
12. প্রস্বেদন প্রক্রিয়ায় উদ্ভিদের পাতা থেকে পানি কী আকারে বায়ুমণ্ডলে নির্গত হয়? [BAU'18-19] [Ans: a]  
 (a) বাষ্প (b) তরল (c) প্লাজমা (d) অণু
13. কোন জৈব প্রক্রিয়ায় উদ্ভিদ মাটি থেকে মূলে পানি শোষণ করে? [BAU'18-19] [Ans: b]  
 (a) ইমবাইবিশন (b) অভিস্রবণ (c) ব্যাপন (d) শ্বসন

Topic-03: সালোকসংশ্লেষণ

Concept:

❖ সালোকসংশ্লেষণ:

বিজ্ঞানী	➤ <b>Photosynthesis</b> শব্দটি সর্বপ্রথম ব্যবহার করেন বিজ্ঞানী বার্নেস ১৮৯৮ সালে।
বিক্রিয়ক ও উৎপাদ	➤ এ প্রক্রিয়ার জন্য প্রয়োজন হয় ৬ অণু $CO_2$ , ১২ অণু পানি, সূর্যালোক (৫০-৬০ ফোটন কমা) ও ক্লোরোফিল। ➤ উৎপন্ন হয় কার্বোহাইড্রেট বা শর্করা এবং $O_2$ । ফটোসিনথেসিস এর মূল উদ্দেশ্যই গ্লুকোজ তৈরি। ➤ $CO_2$ ব্যবহৃত হয় কার্বোহাইড্রেট তৈরির জন্য; পানি ব্যবহৃত হয় রাসায়নিক শক্তি হিসেবে $NADPH + H^+$ তৈরির জন্য।
সালোকসংশ্লেষণের অঙ্গ, অঙ্গাণু ও স্থানঃ	➤ ফটোসিনথেসিস অঙ্গ: উদ্ভিদের সবুজ অঙ্গ, বিশেষত সবুজ পাতা। ➤ ফটোসিনথেসিস অঙ্গাণু: ক্লোরোপ্লাস্ট। ➤ ফটোসিনথেসিস এর স্থান: ক্লোরোপ্লাস্টের থাইলাকয়েড।



ডার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

❖ অচক্রীয় ও চক্রীয় ফটোসফোরাইলেশন-এর মধ্যে পার্থক্য:

পার্থক্যের বিষয়	অচক্রীয় ফটোসফোরাইলেশন	চক্রীয় ফটোসফোরাইলেশন
(i) উৎক্ষিপ্ত ইলেকট্রন	PS-II হতে উৎক্ষিপ্ত ইলেকট্রন পুনরায় PS-II তে ফিরে আসে না।	PS-I হতে উৎক্ষিপ্ত ইলেকট্রন বিভিন্ন বাহকের মাধ্যমে বাহিত হয়ে পুনরায় PS-I এ ফিরে আসে।
(ii) ফটোসিস্টেম	PS-I ও PS-II উভয়ই অংশগ্রহণ করে।	কেবলমাত্র PS-I অংশগ্রহণ করে।
(iii) পানির প্রয়োজন	পানির প্রয়োজন হয়। কারণ পানির ইলেকট্রন ও প্রোটন এ প্রক্রিয়ায় ব্যবহৃত হয়।	পানির প্রয়োজন হয় না।
(iv) O <sub>2</sub> উৎপন্ন	পানির ভাঙ্গনের ফলে O <sub>2</sub> উৎপন্ন হয় যা পরে বায়ুতে নির্গত হয়।	কোনো O <sub>2</sub> উৎপন্ন হয় না কারণ এ প্রক্রিয়ায় কোনো পানি ব্যবহৃত হয় না।
(v) NADP এর জারণ	এক অণু NADP বিজারিত হয়ে এক অণু NADPH + H <sup>+</sup> সৃষ্টি করে।	কোনো NADP বিজারিত হয় না।
(vi) আলোর তরঙ্গদৈর্ঘ্য	অচক্রীয় ফটোসফোরাইলেশনে কম তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহৃত হয়।	তুলনামূলকভাবে অধিক তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহৃত হয়।

❖ ক্যালভিন চক্র এবং হ্যাচ ও স্ল্যাক চক্রের পার্থক্য:

পার্থক্যের বিষয়	ক্যালভিন চক্র/C <sub>3</sub>	হ্যাচ ও স্ল্যাক চক্র/C <sub>4</sub>
যে কোষে ঘটে	কেবল মেসোফিল কোষে হয়।	মেসোফিল ও বান্ডলসীথ কোষে হয়।
ফটোরেসপিরেশন	ঘটে।	ঘটে না।
প্রাথমিক CO <sub>2</sub> গ্রহীতা	রাইবুলোজ 1,5-বিসফসফেট (RuBP)।	ফসফোইনল পাইক্লিক অ্যাসিড (PEP)।
CO <sub>2</sub> ফিক্সিং এনজাইম	রুবিস্কো।	PEP কর্বোপ্সিলেজ।
প্রথম স্থায়ী দ্রব্য	3-ফসফোগ্লিসারিক অ্যাসিড [PGA] (3-কার্বন)।	অক্সালো অ্যাসিটিক অ্যাসিড [OAA] (4-কার্বন)।
CO <sub>2</sub> এর জন্য কার্বোপ্সিলেজ এর দক্ষতা	মধ্যম।	উচ্চ।
ক্রোরোপ্লাস্টের ধরন	একই রকম।	ব্যবহৃত ক্রোরোপ্লাস্টের ধরন দু'রকম (বান্ডলসীথ ক্রোরোপ্লাস্টে উন্নত গ্রানাম থাকে না।)
আদর্শ তাপমাত্রা	10° সে. থেকে 25° সে.।	30° সে. থেকে 45° সে. (আজমল স্যার) 32°-45° সে (আলীম স্যার)
তাপমাত্রা	উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম নয়।	উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম।
CO <sub>2</sub> এর ঘনত্ব	বায়ুমণ্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে 50 ppm CO <sub>2</sub> থাকা প্রয়োজন।	বায়ুমণ্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে 0.10 ppm CO <sub>2</sub> থাকলেও চলে।
ক্র্যাঞ্জ অ্যানাটমি	পাতার বান্ডলসীথকে ঘিরে মেসোফিল কোষের কোনো পৃথক স্তর থাকে না।	পাতার বান্ডলসীথকে ঘিরে অরীয়ভাবে সজ্জিত মেসোফিল কোষের ঘন স্তর বিদ্যমান (ক্র্যাঞ্জ অ্যানাটমি)
বিক্রিয়া	মেসোফিল কোষে আলোক বিক্রিয়া এবং ক্যালভিন চক্র সম্পন্ন হয়।	মেসোফিল কোষে আলোক বিক্রিয়া এবং বান্ডলসীথ কোষে CO <sub>2</sub> সৃষ্টি ও ক্যালভিন চক্র সম্পন্ন হয়।

MCQ

01. নিচের কোনটি হ্যাচ ও স্ল্যাক চক্রে CO<sub>2</sub> গ্রহীতা?

(a) রাইবুলোজ 1, 5-বিসফসফেট

(c) ফসফোইনল পাইক্লিক অ্যাসিড

(b) 3-ফসফোগ্লিসারিক অ্যাসিড

(d) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড

[DU'23-24] [Ans: c]



02. কোনটিতে সালোকসংশ্লেষণের আলোক পর্যায় সংঘটিত হয়? [JU'23-24] [Ans: d]  
 (a) স্ট্রোমা (b) অক্সিজোম (c) স্ট্রোমা ল্যামেলাম (d) থাইলাকয়েড  
 ব্যাখ্যা: সালোকসংশ্লেষণের আলোক পর্যায়ে বিক্রিয়াসমূহ থাইলাকয়েড মেমব্রেনে সংঘটিত হয়। আলোক নিরপেক্ষ পর্যায়ে বিক্রিয়াগুলো ঘটে ক্লোরোপ্লাস্টের স্ট্রোমায়।
03. কোনটি সালোকসংশ্লেষণের আলোক পর্যায়ে উৎপন্ন হয়? [JU'23-24] [Ans: d]  
 (a) পানি ও শর্করা (b) ATP ও শর্করা (c) NADP ও শর্করা (d) NADPH<sub>2</sub> ও ATP
04. কোনটি C<sub>3</sub> চক্রের প্রথম স্থায়ী যৌগ? [JU'23-24] [Ans: d]  
 (a) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড (b) ম্যালিক অ্যাসিড (c) 3-ফসফোগ্লিসার্যালডিহাইড (d) 3-ফসফোগ্লিসারিক অ্যাসিড
05. C<sub>3</sub> উদ্ভিদের কার্বন বিজারণ প্রক্রিয়ায় প্রথম স্থায়ী পদার্থ কোনটি? [RU'23-24] [Ans: d]  
 (a) ফসফোগ্লিসারিক অ্যাসিড (b) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড (c) ম্যালিক অ্যাসিড (d) 3-ফসফোগ্লিসারিক অ্যাসিড
06. পানির ফটোলাইসিসের জন্য প্রয়োজন- [RU'23-24] [Ans: d]  
 (a) Mg (b) Ca (c) Fe (d) Mn
07. সালোকসংশ্লেষণের আলোক নির্ভর অধ্যায়ে তৈরি হয়- [CU'23-24] [Ans: b]  
 (a) ATP ও NADP (b) ATP ও NADPH + H<sup>+</sup> (c) ATP + Glucose (d) NADP + Glucose
08. ক্যালভিন চক্রে CO<sub>2</sub> গ্রহীতা কোনটি? [DU'22-23] [Ans: a]  
 (a) RuBP (b) PGA (c) PEP (d) OAA  
 ব্যাখ্যা: C<sub>3</sub> চক্রে: CO<sub>2</sub> গ্রহীতা → RuBP (রাইবুলোজ ১,৫-বিসফসফেট); প্রথম স্থায়ী পদার্থ → 3PGA (৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড); C<sub>4</sub> চক্রে: CO<sub>2</sub> গ্রহীতা → PEP (ফসফোইনল পাইকভিক অ্যাসিড); প্রথম স্থায়ী পদার্থ → OAA (অক্সালো অ্যাসিটিক অ্যাসিড)।
09. পানির সালোক বিভাজনের জন্য নিচের কোনটি প্রয়োজন? [DU'22-23] [Ans: c]  
 (a) বোরন (b) জিঙ্ক (c) ম্যাঙ্গানিজ (d) কপার  
 ব্যাখ্যা: পানির সালোক বিভাজনে Mn<sup>++</sup> ও Cl<sup>-</sup> আয়ন সাহায্য করে। বোরন ফুলের কুঁড়ি তৈরিতে সহায়তা করে।
10. C<sub>4</sub> উদ্ভিদের পাতার বান্ডলসিথকে ঘিরে কোন কোষের স্তর থাকে? [GST'22-23] [Ans: b]  
 (a) জ্যান্থোফিল (b) মেসোফিল (c) কিউটিকল (d) পত্ররন্ধ
11. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় CO<sub>2</sub> কে রাইবুলোজ ১,৫ বিসফসফেট এর সাথে যুক্তকারী এনজাইম কোনটি? [JU'22-23] [Ans: a]  
 (a) রাইবুলোজ বিসফসফেট কার্বক্সিলেজ (b) কাইনেজ  
 (c) আইসোমারেজ (d) ট্রান্সকিটোলেজ
12. ADP + Pi → ATP + H<sub>2</sub>O এ ক্ষেত্রে কোন এনজাইম কার্যকরী? [JU'22-23] [Ans: c]  
 (a) Kinase (b) Phosphatase (c) ATPase (d) Hexokinase
13. ফটোসিস্টেম-II এ ঘটিত ইলেকট্রন পূরণ হয় কিভাবে? [JU'22-23] [Ans: a]  
 (a) পানি থেকে (b) PS-II থেকে (c) NADP থেকে (d) আলোক শক্তি থেকে
14. ফটোসিনথেসিসে PS-II বিক্রিয়া কেন্দ্রের ক্লোরোফিল-a কত ন্যানোমিটার তরঙ্গদৈর্ঘ্যের আলোক সক্রিয়ভাবে শোষণ করে? [RU'22-23] [Ans: c]  
 (a) 700 (b) 760 (c) 680 (d) 660
15. পাতায় ক্লোরোফিল অণু সৃষ্টির জন্য কোন মৌলটি অপরিহার্য? [RU'22-23] [Ans: a]  
 (a) ম্যাগনেসিয়াম (b) ক্যালসিয়াম (c) সোডিয়াম (d) পটাসিয়াম
16. ফিয়োফাইটিন হলো একটি- [RU'22-23] [Ans: c]  
 (a) জটিল ক্লোরোফিল-a অণু (b) সরল ক্লোরোফিল-a অণু  
 (c) রূপান্তরিত ক্লোরোফিল-a অণু (d) কোনটিই নয়
17. সালোকসংশ্লেষণের ফটোসিস্টেম-I এর বিক্রিয়ায় ক্লোরোফিল-a অণুটির আলোক শোষণ ক্ষমতা হলো- [RU'22-23] [Ans: a]  
 (a) 700 nm (b) 690 nm (c) 580 nm (d) 760 nm
18. ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ কোনটি? [RU'22-23] [Ans: a]  
 (a) 3-ফসফোগ্লিসারিক অ্যাসিড (b) রাইবুলোজ 5 ফসফেট  
 (c) 4 কার্বন বিশিষ্ট অক্সালো অ্যাসিটিক অ্যাসিড (d) কোনোটিই নয়

## ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

19. ক্যালভিন চক্রের  $CO_2$  এর গ্রাহক কোনটি? [RU'22-23] [Ans: b]  
 (a) 3PGA (b) RuBP (c) OAA (d) PEP
20. সালোকসংশ্লেষণের রঞ্জক পদার্থগুলো কোথায় থাকে? [DU'21-22] [Ans: a]  
 (a) থাইলাকয়েডে (b) স্ট্রোমায় (c) গ্রানায় (d) সাইটোপ্লাজমে  
 ব্যাখ্যা: থাইলাকয়েডের ভেতরে একটি প্রকোষ্ঠ থাকে। এ প্রকোষ্ঠে ক্লোরোফিল-a, ক্লোরোফিল-b, জ্যান্থোফিল, ক্যারোটিন ইত্যাদি রঞ্জক পদার্থ থাকে।
21. সৌরশক্তির সাহায্যে ADP এর সাথে এক অণু ফসফেট যুক্ত হয়ে ATP তৈরি হওয়ার প্রক্রিয়াকে বলে- [GST'21-22] [Ans: c]  
 (a) সালোকসংশ্লেষণ (b) গ্লাইকোলাইসিস (c) ফটোফসফোরাইলেশন (d) শ্বসন
22. কোন ধরনের উদ্ভিদ উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম? [GST'21-22] [Ans: b]  
 (a)  $C_3$  উদ্ভিদ (b)  $C_4$  উদ্ভিদ (c)  $C_3$  ও  $C_4$  উদ্ভিদ উভয়ই (d) কোনোটিই নয়
23. "ল অব মিনিমাম" তত্ত্বটি প্রস্তাব করেন- [RU'21-22] [Ans: d]  
 (a) স্টিলেন হেল্‌স (b) রবিনহিল (c) ব্ল্যাকম্যান (d) লিবিগ
24. নিচের কোনটি কো-এনজাইম নয়? [RU'21-22] [Ans: b]  
 (a) NADP (b) CAM (c) FAD (d) GTP
25. কোনটিকে জৈব মুদ্রা বলা হয়? [RU'21-22] [Ans: c]  
 (a) FAD (b) NAD (c) ATP (d) AMP
26. ইলেকট্রন-ট্রান্সপোর্ট সিস্টেম-এর কোন যৌগটির ইলেকট্রন গ্রহীতা হলো কপার? [RU'21-22] [Ans: c]  
 (a) সাইটোক্রোম (b) NADP (c) প্রাস্টেসায়ানিন (d) ফেরিডক্সিন
27. ফটোরেসপিরেশনের জন্য কোনটি সত্য? [RU'21-22] [Ans: c]  
 (a) আলোক নিরপেক্ষ প্রক্রিয়া (b) ক্যালভিন চক্রের সাথে কোন সম্পর্ক নাই  
 (c) ক্যালভিন চক্রের উপর নির্ভরশীল (d) ATP ও NADPH উৎপন্ন হয়
28. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় পানি প্রয়োজন হয় কোনটি উৎপাদন করতে? [JU'21-22] [Ans: b]  
 (a) RuBP (b)  $NADPH + H^+$  (c) GTP (d)  $FADH_2$   
 ব্যাখ্যা: সালোকসংশ্লেষণের আলোক অধ্যায়ে  $H_2O$  ভেঙে  $O_2$  নির্গত হয় এবং  $NADPH + H^+$  তৈরি হয়।
29. আলোর উপস্থিতিতে উদ্ভিদে ATP উৎপাদন প্রক্রিয়াকে কি বলে? [JU'21-22] [Ans: c]  
 (a) অক্সিডেটিভ ফসফোরাইলেশন (b) ফটোরেসপিরেশন  
 (c) ফটোফসফোরাইলেশন (d) ফটোলাইসিস
30. 'সালফার উৎপাদনকারী ব্যাকটেরিয়ার সালোকসংশ্লেষণে  $O_2$  উৎপন্ন হয় না' এটি কে পরীক্ষা করেন? [JU'21-22] [Ans: a]  
 (a) Van Niel (b) Robin Hill (c) Melvin Calvin (d) Hatch & Slack
31.  $C_3$ -উদ্ভিদের ক্ষেত্রে কোনটি সঠিক? [JU'21-22] [Ans: d]  
 (a) স্টোমাটা দিনে খোলা থাকে (b) পাতায় ক্রাজ্জ এনাটমি অনুপস্থিত  
 (c) ক্লোরোপ্লাস্ট একই ধরনের গ্রানাম থাকে (d) উপরের সবগুলো
32. সালোকসংশ্লেষণের জন্য অ্যান্টেনা পিগমেন্ট কোনগুলো? [JU'21-22] [Ans: b]  
 (a) ক্লোরোফিল-a (b) ক্যারোটিনয়েডস ও ফাইকোবিলিন্স  
 (c) ক্লোরোফিল b (d) উপরের সবগুলো
33. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায়  $CO_2$  প্রয়োজন কেন? [JU'21-22] [Ans: c]  
 (a)  $NADPH + H^+$  তৈরিতে (b) ATP তৈরিতে (c)  $C_6H_{12}O_6$  তৈরিতে (d)  $O_2$  তৈরিতে
34. কোন প্রক্রিয়ায় উদ্ভিদ গ্লাইকোলেট তৈরি করে? [JU'21-22] [Ans: b]  
 (a) ফটোফসফোরাইলেশন (b) ফটোরেসপিরেশন (c) অক্সিডেটিভ ফসফোরাইলেশন (d) উপরের সবগুলো  
 ব্যাখ্যা: ফটোরেসপিরেশনে তীব্র আলো ও অধিক তাপমাত্রায় ( $30^\circ C$  এর বেশি) গাছে পানি সংরক্ষণের জন্য পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়, ফলে পাতার অভ্যন্তরে  $CO_2$  গ্যাস সীমিত হয়ে পড়ে। এমতাবস্থায় RuBP,  $CO_2$  এর পরিবর্তে  $O_2$  এর সাথে বিক্রিয়া করে 2-কার্বনবিশিষ্ট গ্লাইকোলেট তৈরি করে।




35. 'সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উৎপাদিত O<sub>2</sub> এর উৎস পানি'-এটি কে আবিষ্কার করেন? [JU'21-22] [Ans: c]  
 (a) Melvin Calvin (b) Hatch & Slack (c) Robin Hill (d) Adolf Krebs
36. C<sub>3</sub> উদ্ভিদের ক্ষেত্রে কোনটি সঠিক নয়? [JU'21-22] [Ans: a]  
 (a) ক্রাজ এনাটমি দেখা যায় (b) 10 – 25 °C এ সালোকসংশ্লেষণ ঘটে  
 (c) 50 – 150 ppm CO<sub>2</sub> থাকলে C<sub>3</sub> চক্র চলে (d) C<sub>3</sub> চক্রে প্রথম স্থায়ী যৌগ ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড উৎপন্ন হয়
37. সালোকসংশ্লেষণের মূল পিগমেন্ট কোনটি? [JU'21-22] [Ans: b]  
 (a) ফাইকোইরেথ্রিন (b) ক্লোরোফিল-*a* (c) ক্লোরোফিল-*b* (d) ফাইকোসায়ানিন
38. সূর্যের আলোর কোন বর্ণালীতে সর্বাধিক সালোকসংশ্লেষণ হয়? [CU' 17-18; GST'20-21] [Ans: c]  
 (a) সবুজ (b) নীল (c) লাল (d) কমলা
39. সালোকসংশ্লেষণের সময় মুক্ত অক্সিজেন কোথা থেকে আসে? [Agri'20-21] [Ans: b]  
 (a) CO<sub>2</sub> (b) Water (c) Phosphoglyceric acid (d) Chlorophyll
40. সকল সালোকসংশ্লেষিত সবুজ উদ্ভিদ ধারণ করে- [Agri'20-21] [Ans: a]  
 (a) Chlorophyll *a* (b) Chlorophyll *b* (c) Chlorophyll *c* (d) Chlorophyll *d*
41. কোন ধরনের উদ্ভিদে সালোকসংশ্লেষণের হার বেশি? [Agri'19-20] [Ans: c]  
 (a) CAM (b) C<sub>3</sub> (c) C<sub>4</sub> (d) *a* ও *b*
42. উদ্ভিদের অন্ধকার দশায় সালোকসংশ্লেষণের প্রথম স্থায়ী যৌগ কোনটি? [RU'19-20] [Ans: b, d]  
 (a) ম্যালিক অ্যাসিড (b) ফসফোগ্লিসারিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড  
 [N.B. অন্ধকার দশায় C<sub>3</sub> এবং C<sub>4</sub> চক্রের মাধ্যমে শর্করা উৎপন্ন হয়। C<sub>3</sub> চক্রের প্রথম স্থায়ী যৌগ ফসফোগ্লিসারিক অ্যাসিড, C<sub>4</sub> চক্রে OAA]
43. ক্লোরোফিল 'a' এর আণবিক সংকেত কোনটি? [JU'19-20] [Ans: b]  
 (a) C<sub>55</sub>H<sub>70</sub>O<sub>6</sub>N<sub>4</sub>Mg (b) C<sub>55</sub>H<sub>72</sub>O<sub>5</sub>N<sub>4</sub>Mg (c) C<sub>55</sub>H<sub>70</sub>O<sub>4</sub>N<sub>5</sub>Mg (d) C<sub>55</sub>H<sub>72</sub>O<sub>4</sub>N<sub>5</sub>Mg
44. কোন এনজাইম ৩-ফসফোগ্লিসার্যাঙ্কিহাইডকে ১, ৩-বিসফসফোগ্লিসারিক অ্যাসিড এ পরিণত করে? [JU'19-20] [Ans: d]  
 (a) ফসফোগ্লিসারোকাইনেজ (b) ফসফোগ্লিসারোমিউটেজ  
 (c) ফসফোগ্লিসার্যাঙ্কিহাইড আইসোমারেজ (d) ফসফোগ্লিসার্যাঙ্কিহাইড ডিহাইড্রোজিনেজ
45. কোনটি ১, ৩-বিসফসফোগ্লিসারিক অ্যাসিডকে ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড-এ পরিণতকারী এনজাইম? [JU'19-20] [Ans: c]  
 (a) ফসফোগ্লিসারো মিউটেজ (b) ফসফোগ্লিসারো কাইনেজ  
 (c) ফসফোগ্লিসারিক অ্যাসিড কাইনেজ (d) ফসফোগ্লিসারিক অ্যাসিড মিউটেজ
46. C<sub>3</sub> চক্রের প্রথম স্থায়ী যৌগ কোনটি? [KU'19-20] [Ans: c]  
 (a) সাইট্রিক অ্যাসিড (b) পাইরুভিক অ্যাসিড (c) ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড (d) আলফা কীটোগ্লুটারিক অ্যাসিড
47. কোনটি উদ্ভিদে উৎপাদিত প্রথম যৌগ? [CU'18-19] [Ans: b]  
 (a) সেলুলোজ (b) গ্লুকোজ (c) স্টার্চ (d) কাইটিন
48. Kranz Anatomy দেখা যায়- [CU'17-18] [Ans: b]  
 (a) C<sub>3</sub> উদ্ভিদে (b) C<sub>4</sub> উদ্ভিদে (c) C<sub>3</sub> ও C<sub>4</sub> উভয় উদ্ভিদে (d) CAM উদ্ভিদে
49. সালোকসংশ্লেষণকারী রঞ্জকগুলোর মধ্যে কোন রঞ্জকে ম্যাগনেসিয়াম বিদ্যমান? [KU'17-18] [Ans: a]  
 (a) ক্লোরোফিল (b) ক্যারোটিন (c) জ্যান্থোফিল (d) ফাইকোসায়ানিন
50. C<sub>4</sub> উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ কোনটি? [DU'16-17; KU'10-11] [Ans: b]  
 (a) Malic acid (b) Oxaloacetic acid (c) Pyruvic acid (d) Phosphoglyceric acid
51. 3 PGA কোন প্রক্রিয়ার মাধ্যমে উৎপন্ন হয়? [DU'16-17] [Ans: c]  
 (a) ক্রেবস চক্র (b) হ্যাচ ও স্ল্যাক চক্র (c) ক্যালভিন চক্র (d) চক্রীয় ফটোফসফোরাইলেশন
52. কোনটি C<sub>4</sub> উদ্ভিদ? [JnU'16-17] [Ans: b]  
 (a) ধান (b) ভুট্টা (c) আম (d) আলু

ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

Written

01. সালোকসংশ্লেষণের রাসায়নিক বিক্রিয়াটি লিখ এবং সালোকসংশ্লেষণের দুইটি গুরুত্বপূর্ণ কাজ উল্লেখ কর।

[DU'19-20]



কাজ: (i) উদ্ভিদের খাদ্য প্রস্তুত ও প্রাণিকুলের খাদ্য সরবরাহ করা।

(ii) পরিবেশে  $O_2$  ও  $CO_2$  এর ভারসাম্য রক্ষা।

[RU'19-20]


02. সালোকসংশ্লেষণ হার কি? এই হার পরিমাপের সমীকরণটি লিখ।

সমাধান: সালোকসংশ্লেষণ হার: নির্দিষ্ট সময়ে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায়  $O_2$  ত্যাগ এবং  $CO_2$  গ্রহণের এর পরিমাণের অনুপাতকে

সালোকসংশ্লেষণ হার বলে। সালোকসংশ্লেষণ হারের সমীকরণ =  $\frac{O_2 \text{ ত্যাগের পরিমাণ}}{CO_2 \text{ গ্রহণের পরিমাণ}}$

Topic-04: শ্বসন

Concept:



- ❖ কোষের বাইরে অক্সিজেনের অনুপস্থিতিতে জাইমেজ এনজাইমের উপস্থিতিতে গ্লুকোজ অণু অসম্পূর্ণভাবে জারিত হয়ে ইথানল (অ্যালকোহল) বা ল্যাকটিক অ্যাসিড সৃষ্টি ও অল্প পরিমাণ শক্তি উৎপাদন প্রক্রিয়াকে ফার্মেন্টেশন বা গাঁজন বলে।
- ❖ কিছু ব্যাকটেরিয়া ও এককোষী ঈষ্টে ফার্মেন্টেশন ঘটে।
- ❖ বিজ্ঞানের যে শাখায় ফার্মেন্টেশন সম্পর্কে অধ্যয়ন করা হয় তাকে জাইমোলজি (Zymology) বলে।

MCQ

01. ক্রেবস চক্রের অক্সালো সাকসিনিক অ্যাসিড-কে আলফা কিটো গ্লুটারিক অ্যাসিড-এ পরিণত করে-

[GST'23-24] [Ans: c]

- (a) ডিহাইড্রোজিনেজ (b) থায়োকাইনেজ (c) ডিকার্বোক্সিলেজ (d) আইসোমারেজ

ব্যাখ্যা: অক্সালো সাকসিনিক অ্যাসিড  $\xrightarrow[CO_2]{\text{ডিকার্বোক্সিলেজ}}$   $\alpha$ -কিটো গ্লুটারিক অ্যাসিড।



02. কোন এনজাইমটি ফ্রেবস চক্রের অক্সালো অ্যাসিটিক অ্যাসিড থেকে সাইট্রিক অ্যাসিড তৈরির সময় ব্যবহৃত হয়? [JU'23-24] [Ans: d]  
 (a) আইসোমারেজ (b) সাকসিনেট ডিহাইড্রোজিনেজ  
 (c) একোনিটেজ (d) সাইট্রেট সিনথেজ
03. কোন এনজাইমটি ফার্মেন্টেশন প্রক্রিয়ায় বেশি ক্রিয়াশীল হয়? [JU'23-24] [Ans: a]  
 (a) জাইমেজ (b) কাইনেজ (c) আইসোমারেজ (d) ডিহাইড্রোজিনেজ
04. সবাত শ্বসনে গ্লুকোজের শ্বসনিক হার কত? [JU'23-24] [Ans: b]  
 (a) 0.71 (b) 1.0 (c) 1.33 (d) 4.0  
 ব্যাখ্যা: শ্বসনিক হার: গ্লুকোজ = 1, ওলিক অ্যাসিড = 0.71, ম্যালিক অ্যাসিড = 1.33
05. গ্লুকোজ অণুর কত শতাংশ সবাত শ্বসনে ব্যবহৃত হয়- [RU'23-24] [Ans: c]  
 (a) প্রায় 42% (b) প্রায় 32% (c) প্রায় 52% (d) প্রায় 62%  
 ব্যাখ্যা: 1mol গ্লুকোজকে পোড়ালে 686 কিলোক্যালরি শক্তি বের হয়, কিন্তু বায়োলজিক্যাল সিস্টেমে মাত্র 360 কিলোক্যালরি কার্যকরী শক্তি পাওয়া যায়। সুতরাং, কর্মদক্ষতা =  $\frac{360}{686} \times 100\% = 52.48\%$  (প্রায়) = 52%.
06. গ্লুকোজের RQ- [RU'23-24] [Ans: b]  
 (a) 2.5 (b) 1.0 (c) 1.5 (d) 2.0
07. সাইট্রিক অ্যাসিড থেকে আইসোসাইট্রিক অ্যাসিড উৎপন্নের জন্য কোন এনজাইমের প্রয়োজন? [DU'22-23] [Ans: a]  
 (a) একোনিটেজ (b) হেক্সোকাইনেজ (c) ইনোলেজ (d) অ্যালডোলেজ  
 ব্যাখ্যা: গ্লুকোজ-<sup>হেক্সোকাইনেজ</sup>→ গ্লুকোজ-6-ফসফেট; 2-ফসফোগ্লিসারিক অ্যাসিড-<sup>ইনোলেজ</sup>→ ফসফোইনল পাইরুভিক অ্যাসিড  
 ফ্রুক্টোজ-১,৬-বিসফসফেট-<sup>অ্যালডোলেজ</sup>→ ৩-ফসফোগ্লিসারালডিহাইড
08. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় NAD<sup>+</sup> কে বিজারণের জন্য প্রয়োজন- [GST'22-23] [Ans: b]  
 (a) H<sup>+</sup> (b) 2H<sup>+</sup> (c) 3H<sup>+</sup> (d) 4H<sup>+</sup>  
 ব্যাখ্যা: NAD<sup>+</sup> কে বিজারণের জন্য বিজারণ অণু ২টি হাইড্রোজেন এটম প্রদান করে থাকে।
09. গ্লুকোজ ভেঙে ইথাইল অ্যালকোহল ও কার্বন ডাই অক্সাইড-এ রূপান্তরিত হওয়ার বিক্রিয়ায় কোন এনজাইম জড়িত? [RU'22-23] [Ans: a]  
 (a) Dehydroginase (b) Cellobiose (c) Cellulase (d) Catalase
10. শ্বসনের দ্বিতীয় ধাপে (পাইরুভিক অ্যাসিড অক্সিডেশন) কয়টি NADH<sub>2</sub> তৈরি হয়? [RU'22-23] [Ans: a]  
 (a) 2 (b) 3 (c) 4 (d) 5
11. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় কয়টি ATP খরচ হয়? [CU'22-23] [Ans: b]  
 (a) এক (b) দুই (c) তিন (d) আট  
 ব্যাখ্যা: গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় 4 অণু ATP তৈরি হয় এর মধ্যে 2 অণু ATP খরচ হয়ে যায়।
12. অবাত শ্বসনে এক অণু গ্লুকোজ থেকে কয় অণু ল্যাকটিক অ্যাসিড তৈরি হয়? [DU'21-22] [Ans: a]  
 (a) ২ অণু (b) ৪ অণু (c) ৬ অণু (d) ৮ অণু  
 ব্যাখ্যা:  $C_6H_{12}O_6 + 2 ADP + 2Pi \xrightarrow{\text{গ্লুকোজ}} 2C_3H_6O_3 + 2ATP/20 \text{ কিলোক্যালরি শক্তি}$   
 ল্যাকটিক অ্যাসিড
13. ফ্রেবস চক্রের বিক্রিয়াগুলো কোষের কোথায় সংঘটিত হয়? [GST'21-22] [Ans: a]  
 (a) মাইটোকন্ড্রিয়াম (b) ক্লোরোপ্লাস্ট (c) সাইটোপ্লাজমে (d) রাইবোসোমে  
 ব্যাখ্যা: মাইটোকন্ড্রিয়ামের ম্যাট্রিক্সে ফ্রেবস চক্র সংঘটিত হয়।
14. ফ্রুক্টোজ ৬-ফসফেট হতে ফ্রুক্টোজ ১,৬ - বিসফসফেট উৎপাদনে কার্যকরী এনজাইমের নাম কী? [JU'21-22] [Ans: b]  
 (a) ফসফোফ্রুক্টো আইসোমারেজ (b) ফসফোফ্রুক্টো কাইনেজ  
 (c) ফসফোগ্লিসারো মিউটেজ (d) হেক্সোকাইনেজ  
 ব্যাখ্যা: ফ্রুক্টোজ-৬ ফসফেট, ATP হতে একটি ফসফেট গ্রহণ করে ফ্রুক্টোজ-১, ৬ বিসফসফেট-এ পরিণত হয়। এ বিক্রিয়ায় ফসফোফ্রুক্টোকাইনেজ এনজাইম ক্রিয়াশীল হয়।

15. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় গ্লুকোজ ৬-ফসফেট হতে ফ্রুক্টোজ ৬-ফসফেট উৎপাদনে কোন এনজাইমটি কার্যকর? [JU'21-22] [Ans: d]  
 (a) কাইনেজ (b) অ্যালডোলেজ (c) ডিহাইড্রোজিনেজ (d) আইসোমারেজ  
 ব্যাখ্যা: গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় গ্লুকোজ-৬-ফসফেট, ফ্রুক্টোজ-৬-ফসফেট এ রূপান্তরিত হয়। এ বিক্রিয়ায় ফসফো-গ্লুকোআইসোমারেজ এনজাইম ক্রিয়াশীল হয়।
16. স্নাত শ্বসনের ফলে উৎপন্ন শক্তির পরিমাণ কত কিলোক্যালরি? [RU'21-22] [Ans: a]  
 (a) 360 (b) 460 (c) 560 (d) 660
17. ক্রেন্স চক্রে প্রথম উৎপন্ন পদার্থ- [RU'21-22] [Ans: d]  
 (a) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড (b) সাকসনিক অ্যাসিড  
 (c) ফিউমারিক অ্যাসিড (d) সাইট্রিক অ্যাসিড
18. এক মোল গ্লুকোজকে পোড়ালে কত কিলোক্যালরি শক্তি পাওয়া যায়? [RU'21-22] [Ans: c]  
 (a) 386 (b) 380 (c) 360 (d) 600
19. প্রতি NADPH হতে কত অণু ATP তৈরি হয়? [RU'21-22] [Ans: b]  
 (a) 4 (b) 3 (c) 2 (d) 1
20. কোনটি ট্রাইকার্বোঅক্সিলিক চক্র? [Agri'21-22] [Ans: b]  
 (a) গ্লাইকোলাইসিস (b) ক্রেন্স চক্র (c) C<sub>3</sub> চক্র (d) C<sub>4</sub> চক্র
21. গ্লাইকোলাইসিস ও ক্রেন্স চক্রের সংযোগকারী রাসায়নিক উপাদান কোনটি? [Agri'21-22] [Ans: c]  
 (a) সাইট্রিক অ্যাসিড (b) পাইরুভিক অ্যাসিড (c) অ্যাসিটাইল Co-A (d) অক্সালো অ্যাসিটিক অ্যাসিড
22. সাইট্রিক অ্যাসিড চক্রে নির্গত হাইড্রোজেন গ্রহণ করে কোনটি? [Agri'21-22] [Ans: d]  
 (a) GTP (b) ATP (c) NADP (d) FAD  
 ব্যাখ্যা: সাইট্রিক অ্যাসিড চক্রে FAD, H<sup>+</sup> এর সাথে যুক্ত হয়ে FADH<sub>2</sub> এবং NAD, H<sup>+</sup> এর সাথে যুক্ত হয়ে NADH<sub>2</sub> তৈরি করে।
23. গ্লাইকোলাইসিস কোথায় সংঘটিত হয়? [GST'20-21; Agri'20-21] [Ans: c]  
 (a) নিউক্লিয়াস (b) মাইটোকন্ড্রিয়া (c) সাইটোপ্লাজম (d) রাইবোজম
24. 'সাইট্রিক অ্যাসিড চক্র' কোথায় সংঘটিত হয়? [RU'20-21] [Ans: c]  
 (a) রাইবোজোম (b) ক্লোরোপ্লাস্ট (c) মাইটোকন্ড্রিয়া (d) সাইটোপ্লাজম
25. চক্রীয় ফটোসিসরাইলেশনের এক চক্রে কয়টি ATP তৈরি হয়? [CU'20-21; DU'13-14; RU'08-09] [Ans: a]  
 (a) 1 (b) 2 (c) 3 (d) 8
26. কোনটি সাইট্রিক অ্যাসিড চক্রের অন্তর্ভুক্তী যৌগ নয়? [JU'19-20] [Ans: a]  
 (a) অ্যাসিটাইল Co-A (b) সাকসিনাইল Co-A (c) α কিতোথুটারিক অ্যাসিড (d) সাইট্রেট
27. শ্বসন সংঘটিত হয় না কোথায়? [Agri'19-20] [Ans: b]  
 (a) অঙ্কুরিত ছোলা বীজ (b) চালের দানা (c) পাকা আমে (d) সবগুলো
28. কোষের শ্বসন প্রক্রিয়ায় কোন ধাপে সবচেয়ে বেশি ATP তৈরি হয়? [Agri'19-20] [Ans: c]  
 (a) গ্লাইকোলাইসিস (b) পাইরুভেট অক্সিডেশন (c) ক্রেন্স চক্র (d) কেমিঅসমোসিস
29. গ্লুকোজ ভেঙে ইথাইল অ্যালকোহল ও পানিতে রূপান্তরিত হওয়ার বিক্রিয়ায় যে এনজাইম জড়িত- [DU'18-19] [Ans: c]  
 (a) Cellulase (b) Cellobiose (c) Zymase (d) Catalase
30. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ ভেঙে কয় অণু পাইরুভিক অ্যাসিডে পরিণত হয়? [BAU'18-19] [Ans: b]  
 (a) ১ (b) ২ (c) ৩ (d) ৪
31. সালোকসংশ্লেষণের সময় পানি থেকে ইলেকট্রন পরিবহণ করতে কোন মৌলগুলো সহায়তা করে? [RU'17-18] [Ans: b]  
 (a) Na ও Mn (b) Mn ও Cl (c) Na ও Cl (d) Fe ও Cu
32. স্নাত শ্বসন প্রক্রিয়ায় ইলেকট্রন প্রবাহের ফলে নিচের কোনটি উৎপন্ন হয়? [RU'17-18] [Ans: c]  
 (a) ম্যালিক অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) H<sub>2</sub>O (d) CO<sub>2</sub>

33. নিচের কোনটি সবাত ও অবাত উভয় প্রকার শ্বসন এর সাথে জড়িত?  
 (a) ক্রেবস চক্র (b) ল্যাকটিক অ্যাসিড সৃষ্টি (c) ইথানল সৃষ্টি (d) গ্লাইকোলাইসিস  
 [JnU'16-17; RU'09-10] [Ans: d]
34. নিচের কোনটি Biogeochemical cycle নয়?  
 (a) Carbon cycle (b) Nitrogen cycle (c) Calvin cycle (d) Water cycle  
 [JnU'16-17] [Ans: c]
35. গ্লুকোজকে শ্বসনিক বস্তু ধরে গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় কতবার দ্বিমুখী বিক্রিয়া ঘটে?  
 (a) 2 (b) 5 (c) 6 (d) 7  
 [KU'16-17] [Ans: c]
36. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় কতটা ATP খরচ হয়?  
 (a) একটি (b) দুইটি (c) তিনটি (d) আটটি  
 [DU'15-16] [Ans: b]

**Written**

01. সালোকসংশ্লেষণ ও শ্বসনের মধ্যে প্রধান পাঁচটি পার্থক্য লেখ।

[DU'21-22]

সমাধান: সালোকসংশ্লেষণ ও শ্বসনের মধ্যে পার্থক্য-

পার্থক্যের বিষয়	সালোকসংশ্লেষণ	শ্বসন
(i) শক্তির রূপান্তর	এ প্রক্রিয়ায় আলোকশক্তি রাসায়নিক স্থিতি শক্তিতে রূপান্তরিত হয়।	এ প্রক্রিয়ায় রাসায়নিক স্থিতি শক্তি গতি শক্তিতে রূপান্তরিত হয়।
(ii) শক্তির অবস্থান	এ প্রক্রিয়ায় শক্তি সঞ্চিত হয়।	এ প্রক্রিয়ায় শক্তি নির্গত হয়।
(iii) প্রধান উপাদান	পানি ও CO <sub>2</sub> প্রধান উপাদান।	জটিল খাদ্যদ্রব্য, বিশেষ করে শর্করা ও O <sub>2</sub> প্রধান উপাদান।
(iv) পদার্থের গ্রহণ ও ত্যাগ	উদ্ভিদ CO <sub>2</sub> গ্রহণ করে এবং O <sub>2</sub> ত্যাগ করে।	উদ্ভিদ O <sub>2</sub> গ্রহণ করে এবং CO <sub>2</sub> ত্যাগ করে (সবাত শ্বসনে)।
(v) বিক্রিয়াস্থল	এ প্রক্রিয়ায় বিক্রিয়াগুলো ক্লোরোপ্লাস্টে ঘটে থাকে।	এ প্রক্রিয়ায় বিক্রিয়াগুলো প্রাথমিক পর্যায়ে সাইটোপ্লাজমে এবং শেষ পর্যায়ে মাইটোকন্ড্রিয়াতে ঘটে থাকে।

02. সবাত শ্বসনে (aerobic respiration) উৎপন্ন মোট শক্তি টেবিল আকারে হিসাব করে দেখাও।

[JnU'18-19]

সমাধান:

গ্লাইকোলাইসিস	পাইরুভিক অ্যাসিডের অক্সিডেশন	ক্রেবস চক্র	ETC	সর্বমোট ATP
2ATP 2NADH + H <sup>+</sup> (যা সাইটোপ্লাজম থেকে মাইটোকন্ড্রিয়াল ম্যাট্রিক্স-এ প্রবেশ কালে একটি ATP হারিয়ে FADH <sub>2</sub> তে পরিণত হয়।	..... ..... 2NADH + H <sup>+</sup> ...	..... ..... [6NADH + H <sup>+</sup> ..... 2FADH <sub>2</sub> ..... 2ATP .....]	..... → 4 ATP (Not 6) 6 ATP 18 ATP 4 ATP ..... → 32 ATP	= 2ATP = 4ATP = 6ATP = 18ATP = 4ATP = 2ATP = 36ATP

আমি সারাজীবনই অসস্থিতে ভুগেছি এই ভেবে যে- আমি বোধয় ভালো কিছু থেকে বঞ্চিত হচ্ছি। সত্যি বলতে এই বোধই আমাকে আরো ভালো কিছু দিকে ধাবিত করেছে।

- Steve Maraboli

অধ্যায়  
১১

জীবপ্রযুক্তি

□ ডার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহ:

শুরুত্ব	টপিক	বিষয়বস্তু	যতবার এসেছে		ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
☆☆☆	T-01	জীবপ্রযুক্তি ও টিস্যু কালচার	20	-	DU'16-17, 13-14; GST'21-22; JU'23-24, 22-23; RU'23-24, 22-23, 21-22, 19-20, 17-18; CU'23-24, 20-21; Agri'22-23; KU'18-19; JnU'15-16, 13-14; BAU'18-19	
☆☆☆	T-02	জেনেটিক ইঞ্জিনিয়ারিং, রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি ও ক্লোনিং	27	03	DU'23-24; GST'22-23; JU'22-23; RU'23-24, 22-23, 20-21, 19-20, 18-19, 17-18, 10-11, 09-10, 07-08; CU'23-24, 22-23, 20-21, 17-18; Agri'20-21; KU'10-11; JnU'16-17, 14-15, 13-14; BAU'18-19	DU:23-24; RU'19-20; JnU'18-19
☆☆☆	T-03	রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির প্রয়োগ	27	-	DU'17-18, 16-17, 15-16; GST'22-23; JU'23-24, 22-23, 19-20; RU'23-24, 22-23, 21-22, 20-21, 19-20, 18-19, 09-10, 07-08; CU'21-22, 20-21; Agri'22-23; KU'17-18; JnU'17-18, 16-17, 15-16, 13-14; BAU'18-19	
☆☆	T-04	জিনোম সিকোয়েন্সিং	05	1	GST'23-24; JU'23-24 RU'22-23, 19-20	RU'19-20

Topic-01: জীবপ্রযুক্তি ও টিস্যু কালচার

☉ Concept:

❖ জীবপ্রযুক্তির পরিধি:



❖ টিস্যু কালচার প্রযুক্তির ধাপসমূহ:

ধাপ	বর্ণনা
(i) মাতৃউদ্ভিদ বা এক্সপ্ল্যান্ট (অণুচারা) নির্বাচন	➤ সাধারণত কাণ্ডের শীর্ষমুকুল, পার্শ্বমুকুল এক্সপ্ল্যান্ট হিসাবে অধিক ব্যবহৃত হয়। পর্ব বা পাতার শীর্ষও ব্যবহৃত হয়। এক্সপ্ল্যান্ট হিসেবে প্রাইমারি ভাজক টিস্যু নির্বাচন করতে হয়।
(ii) কালচার মিডিয়াম বা আবাদ মাধ্যম তৈরি	➤ বিভিন্ন ধরনের মুখ্য ও গৌণ উপাদান (Macro and micro elements), ভিটামিন, সুকরোজ (২ - ৪%), ফাইটোহরমোন প্রভৃতি এ মিডিয়ামে থাকা প্রয়োজন। ➤ মৌলিক উপাদান সমৃদ্ধ আবাদ মাধ্যমকে ব্যাসাল মিডিয়াম বলে। ➤ মিডিয়ামের pH ৫.৫ - ৫.৮ এর মধ্যে রাখা হয়।
(iii) জীবাণুমুক্তকরণ বা নিবীজকরণ	➤ মিডিয়ামকে অটোক্লেভ যন্ত্রে নির্দিষ্ট তাপ (১২১° সে.), চাপ (১৫ পাউন্ড) ও সময় (২০মিনিট) রাখা হয়।
(iv) ক্যালাস সৃষ্টি ও সংখ্যাবৃদ্ধি	➤ একটি বৈদ্যুতিক আলো (৩,০০০ - ৫,০০০ লাক্স/১০০০-৩০০০ লাক্স), তাপমাত্রা (১৭° - ২০° সে.) ও আপেক্ষিক আর্দ্রতা (৭০ - ৭৫%) নিয়ন্ত্রিত কক্ষে রাখা হয়।
(v) মূল উৎপাদক মাধ্যমে স্থানান্তর ও চারা উৎপাদন	-
(vi) চারা টবে স্থানান্তর	-
(vii) প্রাকৃতিক পরিবেশে তথা মাঠ পর্যায়ে স্থানান্তর	-

❖ টিস্যু কালচার প্রযুক্তির গুরুত্ব:

ভূমিকা	বর্ণনা
হুবহু মাতৃ গুণাগুণ সম্পন্ন চারা উৎপাদন	যেসব উদ্ভিদের বীজ উৎপাদন করা সম্ভব হয় না (যেমন- ধূজা, সাগর কলা) সেসব উদ্ভিদের ক্ষেত্রে টিস্যু কালচার প্রয়োগ করে চারাগাছ উৎপাদন ও বিপণন করা যায়।
সংকর উদ্ভিদ উৎপাদনের ক্ষেত্রে প্রোটোপ্লাস্ট মিলন বা ফিউশন	আলু ও টমেটো উদ্ভিদের প্রোটোপ্লাস্ট ফিউশন করে সৃষ্ট নতুন উদ্ভিদের নাম দেয়া হয়েছে পোমাটো।
মেরিস্টেম কালচার	মেরিস্টেম কালচারের মাধ্যমে উৎপাদিত চারাগাছ সাধারণত রোগমুক্ত হয়ে থাকে, কারণ মেরিস্টেম টিস্যুতে কোনো রোগ-জীবাণু থাকে না।

MCQ

- আলু ও টমেটোর প্রোটোপ্লাস্ট ফিউশন করে উৎপন্ন উদ্ভিদের নাম কী? [JU'23-24] [Ans: c]  
(a) আমেটো (b) মামাটো (c) পোমাটো (d) পটোমেটো
- ভাইরাসমুক্ত উদ্ভিদ তৈরিতে কোন পদ্ধতি বাংলাদেশে বাণিজ্যিকভাবে বহুল প্রচলিত? [RU'23-24] [Ans: a]  
(a) মেরিস্টেম কালচার (b) ক্যালাস কালচার (c) হ্যাঞ্জয়েড কালচার (d) কোনটিই নয়
- টিস্যু কালচার প্রযুক্তির প্রাথমিক উদ্দেশ্য- [RU'23-24] [Ans: d]  
(a) বেশি টিস্যু উৎপাদন করা (b) নতুন জাতের টিস্যু সৃষ্টি করা  
(c) উন্নত মানের বীজ উৎপাদন (d) বিভাজনক্ষম অঙ্গ থেকে নতুন চারা উৎপাদন
- কোন অণুজীবটি জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ ব্যবহৃত হয়? [CU'23-24] [Ans: a]  
(a) *E. coli* (b) *Penicillium* (c) Yeast (d) *Nostoc*
- ক্রম কালচার করে কোনটি উৎপাদন করা হয়? [JU'22-23] [Ans: b]  
(a) ভাইরাসমুক্ত উদ্ভিদ (b) সাইব্রিড (c) বীজহীন ট্রিপ্লয়েড উদ্ভিদ (d) হোমোজাইগাস জাতের উদ্ভিদ
- টিস্যু কালচার এ ব্যবহৃত পুষ্টি-মাধ্যমে pH সাধারণত কত? [JU'22-23] [Ans: b]  
(a) ৪.৫ (b) ৫.৫ (c) ৬.৫ (d) ৭.৫

07. 'সাইব্রিড' শব্দটি নিচের কোন প্রক্রিয়ার সাথে জড়িত? [RU'22-23] [Ans: c]  
 (a) হাইব্রিডাইজেশন (b) জিন ক্লোনিং (c) টিস্যু কালচার (d) গ্রাফটিং
08. কোন প্রক্রিয়ায় রোগমুক্ত গাছের চারা উৎপাদনের পদ্ধতিকে বলে- [Agri Guccho'22-23] [Ans: b]  
 (a) কক্ষমুকুল কালচার (b) মেরিস্টেম কালচার (c) ক্যালাস কালচার (d) ভ্রূণ কালচার
09. অতি ক্ষুদ্র টিস্যু থেকে বহু চারা উৎপাদনের পদ্ধতিকে বলে- [Agri Guccho'22-23] [Ans: b]  
 (a) ক্রোনাল প্রোপাগেশন (b) মাইক্রোপ্রোপাগেশন (c) ক্যালাস কালচার (d) সোম্যাটিক এন্ডিওজেনেসিস
10. গবেষণাগারে উদ্ভিদের টিস্যুর সংখ্যাবৃদ্ধির প্রযুক্তি- [GST'21-22] [Ans: b]  
 (a) Biopharming (b) Tissue culture (c) Genome sequencing (d) Genetic engineering
11. পরাগধানী কালচারের মাধ্যমে কোন উদ্ভিদ উৎপন্ন হয়? [RU'21-22] [Ans: b]  
 (a) পলিপ্লয়েড (b) হ্যাপ্লয়েড (c) ডিপ্লয়েড (d) ট্রিপ্লয়েড
12. মেরিস্টেম কালচারের উদ্দেশ্য হলো- [CU'20-21] [Ans: b]  
 (a) বিলুপ্তপ্রায় উদ্ভিদ সংরক্ষণ (b) রোগমুক্ত চারা উৎপাদন (c) হ্যাপ্লয়েড উদ্ভিদ উৎপাদন (d) উন্নতজাত উদ্ভাবন
13. টিকা উৎপাদন করা যায় কোন প্রযুক্তির মাধ্যমে? [CU'20-21] [Ans: a]  
 (a) জৈব প্রযুক্তি (b) টিস্যু কালচার (c) হাইব্রিডাইজেশন (d) মিউটেশন
14. হ্যাপ্লয়েড উদ্ভিদ তৈরির জন্য কোনটি কালচার করা হয়? [RU'19-20] [Ans: a]  
 (a) পরাগরেণু (b) মূল (c) ভ্রূণ (d) মুকুল
15. বায়োটেকনোলজি শব্দটি প্রথম কে ব্যবহার করেন? [KU'18-19] [Ans: a]  
 (a) Karl Ereky (b) Donald Parkinz (c) Robert Steave (d) James Forklin
16. টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত নতুন চারাকে কি বলা হয়? [KU'18-19] [Ans: b]  
 (a) সায়েন (b) প্লান্টলেট (c) ক্যালাস (d) এক্সপ্লান্ট
17. ব্লু বায়োটেকনোলজি কী? [BAU'18-19] [Ans: a]  
 (a) বায়োটেকনোলজির জননীয় ও সামুদ্রিক প্রয়োগ (b) বায়োটেকনোলজির কৃষিক্ষেত্রে প্রয়োগ  
 (c) বায়োটেকনোলজির প্রাণিসম্পদে প্রয়োগ (d) বায়োটেকনোলজির চিকিৎসাক্ষেত্রে প্রয়োগ
18. কোন পদ্ধতিতে রোগমুক্ত উদ্ভিদ চারা উৎপাদন করা যায়? [RU'17-18; DU'16-17; JnU'13-14] [Ans: a]  
 (a) মেরিস্টেম কালচার (b) ভ্রূণ কালচার (c) কক্ষমুকুল কালচার (d) ক্যালাস কালচার
19. Agar কী? [JnU'15-16] [Ans: c]  
 (a) কালচার মিডিয়ায় ব্যবহৃত প্রোটিন (b) কালচার মিডিয়ায় ব্যবহৃত লিপিড  
 (c) কালচার মিডিয়ায় ব্যবহৃত কার্বোহাইড্রেট (d) কালচার মিডিয়ায় ব্যবহৃত সল্ট
20. টিস্যু কালচার প্রযুক্তির জনক কে? [DU'13-14; CU'11-12] [Ans: d]  
 (a) মেন্ডেল (b) হাচিনসন (c) ল্যামার্ক (d) হ্যাবারল্যান্ডট

Preparation and Practice are vital for effective delivery

### Topic-02: জেনেটিক ইঞ্জিনিয়ারিং, রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি ও ক্লোনিং

#### ➔ Concept:

#### ❖ রিকম্বিনেন্ট DNA প্রস্তুত করার প্রধান ধাপসমূহ:

01. কাঙ্ক্ষিত DNA নির্বাচন ও পৃথকীকরণ: সিজিয়াম ক্লোরাইড বা সুকরোজ - এর দ্রবণ এবং রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ এনজাইম ব্যবহার করা হয়।
02. বাহক নির্বাচন: *Agrobacterium tumefaciens* এবং *E. coli* সবচেয়ে বেশি ব্যবহার করা হয়।
03. কাঙ্ক্ষিত DNA- কে নির্দিষ্ট স্থানে (Specific site) ছেদন: সুনির্দিষ্ট রেস্ট্রিকশন এনজাইম প্রয়োগ করে কাঙ্ক্ষিত DNA - এর নির্দিষ্ট অংশকে খণ্ড করা হয়।
04. ছেদনকৃত কাঙ্ক্ষিত DNA খণ্ডকে বাহক প্লাসমিড DNA -তে স্থাপন: DNA-ligase এনজাইম ব্যবহার করা হয়।
05. পোষক (Host) নির্বাচন ও রিকম্বিনেন্ট প্লাসমিড DNA পোষকদেহে প্রবেশ করানো: প্লাসমিড গ্রহণ করলে ঐ ব্যাকটেরিয়াকে ট্রান্সফরমেন্ট ব্যাকটেরিয়া বলে। ব্যাকটেরিয়াতে বাইরের DNA প্রবেশ করানোকে বলা হয় ট্রান্সফরমেশন।



- ◆ রিকম্বিনেন্ট DNA কে পোষক কোষে প্রবেশের প্রক্রিয়া:
  - (i) প্রত্যক্ষ ভৌতিক (Physical) প্রক্রিয়া: Electroporation, Micro injection ও Biolistics (Gunshot)
  - (ii) প্রত্যক্ষ রাসায়নিক (Chemical) প্রক্রিয়া: Calcium Chloride দ্রবণে ইনকিউবেট করে "হিটশক" দিলে।
  - (iii) ভেক্টর ব্যবহারের পরোক্ষ প্রক্রিয়া: *Agrobacterium tumefaciens* ও TMV
- 06. রিকম্বিনেন্ট DNA-এর বহিঃপ্রকাশ মূল্যায়ন: রিকম্বিনেন্ট DNA কাজিঙ্কত জিন বহন করবে কিনা তা শনাক্ত করা হয়-
  - (i) PCR পদ্ধতিতে এবং (ii) জেনেটিক প্রোব /DNA প্রোব উপায়ে।
- 07. কাজিঙ্কত উদ্ভিদকোষে রিকম্বিনেন্ট DNA প্রবেশ করানো: এরূপ উদ্ভিদকে ট্রান্সজেনিক উদ্ভিদ বলে। প্লাসমিডকে প্রকৃত কোষে প্রবেশ করানোকে বলা হয় ট্রান্সফেকশন।

## MCQ

01. নিচের কোনটি রেস্ট্রিকশন এনজাইম নয়? [DU'23-24] [Ans: a]  
 (a) pBR322 (b) ECORI (c) HindIII (d) BamHI  
 ব্যাখ্যা: ECORI, HindIII, BamHI সবগুলোই রেস্ট্রিকশন এনজাইম।
02. কোনটি রেস্ট্রিকশন এনজাইম নয়? [RU'23-24] [Ans: a]  
 (a) DNase-I (b) EcoR- I (c) BamH- I (d) Hind- III  
 ব্যাখ্যা: রেস্ট্রিকশন এনজাইম: Bam HI, Hind III, Eco RI, Hpa II, Mbo I
03. ট্রান্সজেনিক উদ্ভিদ তৈরিতে কোনটি বাহক হিসাবে কাজ করে? [RU'23-24] [Ans: d]  
 (a) *Plasmodium* (b) *Penicillium* (c) *Vibrio* (d) *Agrobacterium*
04. ব্যাকটেরিয়ার প্লাসমিড DNA- [RU'23-24] [Ans: b]  
 (a) একসূত্রক (b) দ্বিসূত্রক (c) ত্রিসূত্রক (d) বহুসূত্রক
05. PCR প্রযুক্তি ব্যবহৃত হয়- [RU'23-24] [Ans: d]  
 (a) রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে (b) রোগ নির্ণয়ে (c) জীবন সংক্রান্ত গবেষণায় (d) সবগুলোতেই
06. কোন অণুজীবটি জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ ব্যবহৃত হয়? [CU'23-24] [Ans: a]  
 (a) *E. coli* (b) *Penicillium* (c) Yeast (d) *Nostoc*
07. R<sub>6</sub>-প্লাসমিডের বৈশিষ্ট্য কোনটি? [GST'22-23] [Ans: b]  
 (a) যৌনজননে সহায়তা (b) অ্যান্টিবায়োটিক প্রতিরোধী  
 (c) *Escherichia coli* ধ্বংস করা (d) *Vibrio cholerae* ধ্বংস করা  
 ব্যাখ্যা: যৌন প্রজননে সহায়তা → F এবং F' প্লাসমিড; অ্যান্টিবায়োটিক প্রতিরোধী → R প্লাসমিড; *E. coli* ধ্বংস → কোল প্লাসমিড; *Vibrio cholerae* ধ্বংস → কোল প্লাসমিড।
08. রিকম্বিনেন্ট ডিএনএ টেকনোলজি প্রয়োগে সৃষ্ট নতুন জীবকে বলে- [GST'22-23] [Ans: a]  
 (a) ট্রান্সজেনিক (b) হাইব্রিড (c) সাইব্রিড (d) ক্লোন  
 ব্যাখ্যা: রিকম্বিনেন্ট ডিএনএ টেকনোলজি প্রয়োগে সৃষ্ট জীবকে GMO (Genetically Modified Organism) বা GEO (Genetically Engineered Organism) বা ট্রান্সজেনিক (TO = Transgenic Organism) বলে।
09. রিকম্বিনেন্ট DNA কে পোষক কোষে প্রবেশ করানোর ভৌত প্রক্রিয়া কোনটি? [JU'22-23] [Ans: c]  
 (a) লাইপোসোম (b) TMV (c) Gunshot (d) ক্যালসিয়াম ক্লোরাইড ট্রিটমেন্ট
10. ক্লোনের ক্ষেত্রে কোনটি সঠিক? [JU'22-23] [Ans: b]  
 (a) জিনগত পার্থক্য সৃষ্টি হয় (b) বিশেষ বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে না  
 (c) মিউটেশন ঘটে (d) বাহ্যিক প্রকাশে ভিন্নতা আসে

ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

11. কোনটি রেস্ট্রিকশন এনজাইম নয়? [RU'22-23] [Ans: d]  
 (a) EcoRI (b) Hind III (c) Hpa-II (d) All-Po
12. কোনটি আণবিক কাঁচি হিসাবে পরিচিত? [RU'22-23; CU'22-23] [Ans: d]  
 (a) ইন্টারফেরন (b) লাইগেজ এনজাইম (c) প্লাসমিড (d) রেস্ট্রিকশন এনজাইম
13. বর্তমানে কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা হয়? [RU'22-23] [Ans: c]  
 (a) জিন ক্লোনিং (b) DNA হাইব্রিডাইজেশন (c) DNA প্রোব (d) DNA ফিংগার প্রিন্ট
14. জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে রেস্ট্রিকশন এনজাইমের কাজ কি? [RU'20-21] [Ans: c]  
 (a) DNA অণুর কাটা অংশ যুক্ত করা (b) DNA অণুর বৃদ্ধিকরণ  
 (c) DNA অণুর নির্দিষ্ট স্থান কর্তন (d) DNA অণুর হাইড্রোজেন বন্ধন ভেঙ্গে দেওয়া
15. প্লাজমিড কে আবিষ্কার করেন? [CU'20-21] [Ans: d]  
 (a) Altman (b) Porter (c) Kollirer (d) Laderberg
16. কোন এনজাইমকে DNA এর জন্য Knife বলা হয়? [Agri'20-21] [Ans: a]  
 (a) রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ (b) পলিমারেজ (c) লাইগেজ (d) লাইপেজ
17. রিকম্বিনেন্ট DNA তৈরির প্রথম ধাপ কোনটি? [RU'19-20] [Ans: b]  
 (a) বাহক নির্বাচন (b) কাঙ্ক্ষিত DNA কর্তন ও পৃথকীকরণ  
 (c) রেস্ট্রিকশন এনজাইমের সাহায্যে কর্তন (d) DNA-কে ভেক্টরে সংযুক্তকরণ
18. কোন এনজাইমের সাহায্যে প্লাজমিড ডিএনএ (DNA) কে ছেদন (Cutting) করা হয়? [RU'19-20; JnU'13-14] [Ans: c]  
 (a) Amylase enzyme (b) Protease enzyme (c) Restriction enzyme (d) Cellulose enzyme
19. PCR পদ্ধতিতে দ্বিসূত্রক DNA কে কত তাপমাত্রায় একক সূত্র করা হয়? [RU'18-19] [Ans: c]  
 (a) 50°C (b) 70°C (c) 90°C (d) 110°C
20. রিকম্বিনেন্ট প্লাসমিডকে কোন প্রক্রিয়ায় বাহক *E. coli* তে প্রবেশ করানো হয়? [RU'18-19] [Ans: c]  
 (a) ট্রান্সফেকশন (b) ইনফেকশন (c) ট্রান্সফরমেশন (d) ফার্মেন্টেশন
21. প্লাসমিড (plasmid) কী? [BAU'18-19] [Ans: a]  
 (a) ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার DNA অণু (b) ক্রোমোসোম এর ভিতরে বৃত্তাকার DNA অণু  
 (c) ক্রোমোসোম এর ভিতরে বৃত্তাকার RNA অণু (d) ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার RNA অণু
22. কর্তিত DNA এর অংশ জোড়া লাগাতে নীচের কোনটি প্রয়োজন হয়? [RU'17-18; KU'10-11] [Ans: b]  
 (a) লাইপেজ এনজাইম (b) লাইগেজ এনজাইম (c) রেস্ট্রিকশন এনজাইম (d) b এবং c দুটোই
23. নিচের কোনটিকে molecular scissors বলা হয়? [CU'17-18] [Ans: a]  
 (a) Restriction enzyme (b) Protease enzyme (c) Amylase enzyme (d) Ligase enzyme
24. জিন প্রকৌশলে কোনটি উত্তম বাহক? [JnU'16-17] [Ans: b]  
 (a) *Agrobacterium tumefaciens* (b) *Escherichia coli*  
 (c) *Vibrio cholerae* (d) *Bacillus subtilis*
25. DNA কে খণ্ডিত করে- [JnU'16-17; RU'10-11, 09-10, 07-08] [Ans: b]  
 (a) লাইগেজ এনজাইম (b) রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ এনজাইম  
 (c) প্রোটিনেজ এনজাইম (d) অ্যামাইলেজ এনজাইম
26. জেনেটিক ইঞ্জিনিয়ারিং (Genetic Engineering)- এ ইনসুলিন তৈরিতে কোন এনজাইমটি ব্যবহৃত হয় না? [JnU'14-15] [Ans: b]  
 (a) DNA Ligase (b) DNA polymerase  
 (c) Reverse transcriptase (d) Restriction endonuclease
27. কোন ধরনের প্লাজমিডের মধ্যে এন্টিবায়োটিক প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন জিন থাকে? [RU'09-10] [Ans: b]  
 (a) F- প্লাজমিড (b) R-প্লাজমিড (c) কোল প্লাজমিড (d) ভিরুলেন্স প্লাজমিড



Written

[DU'23-24]

01. জিন ক্লোনিং বলতে কী বোঝ? রিকম্বিনেন্ট ডিএনএ টেকনোলজির ধাপগুলো উল্লেখ কর।

সমাধান: জিন ক্লোনিং: কোনো কাঙ্ক্ষিত জিনকে ক্লন করি করা বা সংখ্যানুগুণ করা বলা হয় জিন ক্লোনিং।

রিকম্বিনেন্ট DNA টেকনোলজির ধাপসমূহ নিম্নরূপ:

- (i) কাঙ্ক্ষিত DNA বা টার্গেট DNA নির্বাচন।
- (ii) কাঙ্ক্ষিত DNA খণ্ডকে প্রতিস্থাপন করতে বাহক নির্বাচন, সাধারণত প্লাসমিড।
- (iii) কাঙ্ক্ষিত ও বাহক DNA কে নির্দিষ্ট স্থানে ভেদন করতে restriction এনজাইম নির্বাচন।
- (iv) কাঙ্ক্ষিত ও বাহক DNA কে লাইগেজ এনজাইম দ্বারা সংযুক্ত করে রিকম্বিনেন্ট DNA প্রস্তুত করা।
- (v) রিকম্বিনেন্ট DNA কে অনুলিপনের জন্য উপযুক্ত host বা পোষক (*E. coli*) নির্বাচন এবং পোষক কোষে প্রবেশ করানো।
- (vi) রিকম্বিনেন্ট DNA এর বহিঃপ্রকাশ মূল্যায়ন।
- (vii) রিকম্বিনেন্ট DNA তৈরির সময় বাহক হিসেবে Ti প্লাসমিড ব্যবহৃত হলে, রিকম্বিনেন্ট DNA কে *Agrobacterium* এ স্থানান্তর।
- (viii) কাঙ্ক্ষিত উদ্ভিদকোষে কাঙ্ক্ষিত জিনকে *Agrobacterium* দ্বারা স্থানান্তর করা।

[RU'19-20]


02. উন্নত শস্যজাত উৎপাদনের জন্য ব্যবহৃত পদ্ধতিগুলো কি কি?

সমাধান: উন্নত শস্যজাত উৎপাদনের জন্য ব্যবহৃত পদ্ধতিগুলো হলো- (i) রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি (ii) সংকরায়ন বা হাইব্রিডাইজেশন।

03. চিত্রসহ ব্যাকটেরিয়ার জেনেটিক রিকম্বিনেশন (recombination process) প্রক্রিয়া বর্ণনা কর।

[JnU'18-19]

সমাধান:



POLL MACHINE

Preparation and Practice are vital for effective delivery

উদ্ভিদবিজ্ঞান

ডার্সিটি 'ক' মাস্টার প্রমব্যাংক

ব্যাকটেরিয়ার জেনেটিক রিকম্বিনেশন প্রক্রিয়া বর্ণনা:

- (ক) কাঙ্ক্ষিত DNA নির্বাচন ও পৃথকীকরণ: রিকম্বিনেন্ট DNA তৈরির প্রথম পদক্ষেপ হলো কাঙ্ক্ষিত DNA অণু নির্বাচন। নির্বাচনের পর কাঙ্ক্ষিত জীবের কোষ থেকে DNA-কে পৃথক করতে হবে।
- (খ) ভেক্টর (বাহক) DNA নির্বাচন: কাঙ্ক্ষিত DNA এর প্রয়োজনীয় অংশ বহন করার জন্য একটি বাহক (vector) নির্বাচন করতে হয়। ব্যাকটেরিয়াতে অবস্থিত প্লাসমিড DNA-কে কাঙ্ক্ষিত DNA বহন করার জন্য বাহক হিসেবে ব্যবহার করা যায়।
- (গ) কাঙ্ক্ষিত DNA-কে নির্দিষ্ট স্থানে ছেদন: সুনির্দিষ্ট রেস্ট্রিকশন এনজাইম প্রয়োগ করে কাঙ্ক্ষিত DNA এর নির্দিষ্ট অংশকে খণ্ড করা হয়।
- (ঘ) ছেদনকৃত কাঙ্ক্ষিত DNA খণ্ডকে বাহক প্লাসমিড DNA তে স্থাপন: প্লাসমিড DNA হতে বের করে নেয়া অংশের ফাঁকা স্থানে কাঙ্ক্ষিত DNA খণ্ডকে প্রতিস্থাপন করা হয়। DNA-ligase এনজাইম ব্যবহার করে কাঙ্ক্ষিত DNA খণ্ডকে প্লাসমিড DNA এর সাথে সংযুক্ত করা হয়। কাঙ্ক্ষিত DNA খণ্ড প্লাসমিড DNA তে সংযুক্ত হবার ফলে রিকম্বিনেন্ট DNA তৈরি হলো।
- (ঙ) পোষক (host) নির্বাচন ও রিকম্বিনেন্ট প্লাসমিড DNA পোষককোষে প্রবেশ করানো: রিকম্বিনেন্ট DNA অণুকে পরে কোনো পোষক ব্যাকটেরিয়াতে প্রবেশ করানো হয়। ক্যালসিয়াম সমৃদ্ধ করে heat shock এর মাধ্যমে সৃষ্টি পরিবেশে প্লাসমিড গ্রহণ করতে পারে এবং ঐ ব্যাকটেরিয়াকে ট্রান্সফরমড ব্যাকটেরিয়াম বলে। পরবর্তীতে ট্রান্সফরমড ব্যাকটেরিয়ার সংখ্যা বৃদ্ধির সাথে সাথে রিকম্বিনেন্ট প্লাসমিডও সংখ্যা বৃদ্ধি করে বলে একে ক্লোনিংও বলা হয়।
- (চ) রিকম্বিনেন্ট DNA এর মূল্যায়ন: সাধারণত রিকম্বিনেন্ট DNA প্রস্তুত করার কাজটি সফলভাবে হয়েছে কিনা তা প্রমাণ করার জন্য প্রাথমিকভাবে পরীক্ষা করে দেখা হয়।

Topic-03: রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির প্রয়োগ

রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির প্রয়োগ

❖ বিভিন্ন ক্ষেত্রে রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি:

(ক) কৃষিক্ষেত্রে	
ট্রান্সজেনিক উদ্ভিদ	➤ <i>Bacillus thuringiensis</i> ব্যাকটেরিয়া থেকে একটি জিন বেগে ট্রান্সজেনিক তুলা গাছ সৃষ্টি করা হয়েছে।
শুণ্ণগত মান উন্নয়নে	➤ সূর্যমুখীর সাপফার তৈরিকারী জিন সমৃদ্ধ ক্রোভার মাস হলো ট্রান্সজেনিক উদ্ভিদ।
গোল্ডেন রাইস বা সুপার রাইস	➤ Ingo Potrykus ও তাঁর সহযোগীরা (Peter Beyer) <i>Japonica</i> চাইপ ধানে ডায়াফোভিল থেকে বিটা ক্যারোটিন-ইউথার চারটি জিন এবং অতিরিক্ত আয়তন তৈরির তিনটি জিন প্রতিস্থাপন করে উদ্ভাবন করেন সুপার রাইস।
নাইট্রোজেন সংবন্ধনে	➤ বায়বীয় নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া হতে 'নিফ জিন' (যা নাইট্রোজেন সংবন্ধনের জন্য দায়ী) <i>E. coli</i> ব্যাকটেরিয়াতে স্থানান্তর করা সম্ভব হয়েছে।
দ্যুতিময় উদ্ভিদ সৃষ্টি	➤ গ্লুসিফেরিন পদার্থ নিঃসরণ নিয়ন্ত্রণকারী জিন তামাক গাছে প্রতিস্থাপন করা হয়েছে।
(খ) চিকিৎসা বিজ্ঞানে	
ইন্টারফেরনস উৎপাদন	➤ ইন্টারফেরন প্রয়োগ করে জটিল হেপাটাইটিস-B, কতক হার্পিস সংক্রমণ, জলাতঙ্ক, বিভিন্ন ধরনের প্যাপিলোমা চিকিৎসা করা সম্ভব হয়েছে। ➤ একটি ইন্টারফেরনের বাণিজ্যিক নাম Betaferon.
টিস্যু প্লাসমিনোজেন অ্যাকটিভেটর উৎপাদন	➤ ১৯৭০ সালে প্রথম ব্যাকটেরিয়া কোষ থেকে Streptokinase এনজাইম পাওয়া যায় যা দিয়ে জমাট বাঁধা রক্ত গািলয়ে দেয়া যায়। প্লাজমিনোজেনকে কার্যক্ষম অবস্থায় আনতে হলে TPA-দরকার।
ইরিথ্রোপোইটিন তৈরি	➤ কিডনি ইরিথ্রোপোইটিন (EPO) নামক একটি হরমোন তৈরি করে যা বোনম্যারো তে প্রবেশ করে গাঢ় লোহিত রক্ত কণিকা তৈরি করে। ডায়ালাইসিস করার সময় EPO রক্ত থেকে বের হয়ে যায়।

## বাংলাদেশের প্রথম GM খাদ্য ফসল

- Bt- বেগুন বাংলাদেশে প্রথম একটি GM খাদ্য ফসল।
- *Bacillus thuringiensis* নামক একটি সয়েল ব্যাকটেরিয়া থেকে ক্রিস্টাল প্রোটিন জিন (CryI Ac) বেগুনের জিনোমে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## ❖ ইনসুলিন:

উৎস	➤ অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স এর বিটা কোষ।
গঠন	➤ ৫১টি অ্যামিনো অ্যাসিড নিয়ে গঠিত ক্ষুদ্রাকার সরল প্রোটিন। ➤ দুটি পলিপেপটাইড চেইন (২১টি অ্যামিনো অ্যাসিড নিয়ে গঠিত চেইন-A এবং ৩০ টি অ্যামিনো অ্যাসিড নিয়ে গঠিত চেইন-B) দ্বারা ইনসুলিন গঠিত হয়।
জেনেটিক কোড	➤ ১১ নং ক্রোমোসোমের খাটো বাহুর DNA-এর শীর্ষে ১৫৩ টি নাইট্রোজেন-বেস নিয়ে গঠিত ইনসুলিনের জেনেটিক কোড বিদ্যমান।
প্রথম বাজারজাত ইনসুলিন	➤ 'হিউমুলিন' নামে প্রথম বাজারজাত করে।

## MCQ

- কোন উদ্ভিদে হেপাটাইটিস-B ভ্যাক্সিন উৎপাদন করা হয়? [JU'23-24] [Ans: c]  
(a) বাদাম (b) সয়াবিন (c) তামাক (d) আঙ্গুর
- গোল্ডেন রাইসের রঙ- [RU'23-24] [Ans: b]  
(a) সাদা (b) হলুদ (c) বাদামী (d) বেগুনী
- বর্তমানে কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা হয়? [RU'23-24] [Ans: c]  
(a) SDS-Page (b) ক্যালাস সৃষ্টি করে (c) DNA প্রোব (d) কোনটিই নয়
- ইন্টারফেরন কী? [RU'23-24] [Ans: a]  
(a) প্রোটিন (b) হরমোন (c) কার্বোহাইড্রেট (d) লিপিড
- প্রাকৃতিক পতঙ্গনাশক কোনটি? [GST'22-23] [Ans: d]  
(a) *Clostridium tetani* (b) *Nitrosomonos spp.*  
(c) *Streptococcus lactis* (d) *Bacillus thuringiensis*
- ট্রান্সজেনিক উদ্ভিদ নয় কোনটি? [JU'22-23] [Ans: b]  
(a) স্বর্ণধান (b) গুয়ান-১৮ ধান (c) Bt তুলা (d) লবণাক্ততা সহিষ্ণু বাদাম
- উদ্ভিদে নাইট্রোজেন সংবন্ধনে কোন জিন প্রয়োগ করা হয়? [JU'22-23] [Ans: c]  
(a) cspB (b) At NHXI (c) nif (d) luciferin
- ইন্টারফেরন ড্রাগটি কিসের উপর কার্যকরী? [RU'22-23] [Ans: c]  
(a) ব্যাকটেরিয়া (b) ছত্রাক (c) ভাইরাস (d) নিম্যাটোড
- GMO এর পূর্ণরূপ কী? [RU'22-23] [Ans: d]  
(a) Genetically Modern Organism (b) Genetically Modification Organism  
(c) Genetically Micro Organism (d) Genetically Modified Organism
- কোন প্রযুক্তিতে ইনসুলিন তৈরি করা হয়? [RU'22-23] [Ans: c]  
(a) ন্যানো টেকনোলজি (b) টিস্যু কালচার  
(c) রিকম্বিনেন্ট DNA টেকনোলজি (d) এক্সপ্ল্যান্ট কালচার
- রিকম্বিনেন্ট প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত ঔষধ- [Agri'22-23] [Ans: c]  
(a) লিম্ফোকাইনস (b) সোমটোস্ট্যাটিন  
(c) ইন্টারফেরন (d) হিউমেন ইউরোকাইনেজ

## ডার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

12. জৈব প্রযুক্তির মাধ্যমে *E. coli* ব্যবহার করে প্রস্তুত করা হয়- [RU'21-22] [Ans: b]  
 (a) ভিটামিন (b) ইনসুলিন (c) প্রোটিন (d) চর্বি
13. প্রতিরক্ষামূলক প্রোটিন কোনটি? [CU'21-22] [Ans: a]  
 (a) ইন্টারফেরন (b) ইনসুলিন (c) লাইপেজ (d) লুসিফেরিন
14. Bt বেগুন উৎপন্ন করার জন্য কোন অণুজীবটি প্রয়োজন? [RU'20-21] [Ans: b]  
 (a) *Bacillus subtilis* (b) *Bacillus thuringiensis*  
 (c) *Bacillus denitrificans* (d) *Bacillus anthracis*
15. জেনেটিক্যালি রূপান্তরিত বিটি বেগুনে কোন ব্যাকটেরিয়ার জিন সংযোজন করা হয়েছে? [CU'20-21] [Ans: c]  
 (a) *Bacillus subtilis* (b) *Lactobacillus vulgaris*  
 (c) *Bacillus thuringiensis* (d) *Agrobacterium tumefaciens*
16. ভুট্টার খরা সহিষ্ণু জাত উদ্ভাবনে ব্যবহৃত জিন কোনটি? [JU'19-20] [Ans: a]  
 (a) *espB* (b) *At NHXI* (c) *CryI Ac* (d) *nif*  
 ব্যাখ্যা: *Bacillus subtilis* থেকে *espB* জিন ভুট্টা উদ্ভিদে প্রবেশ করিয়ে ভুট্টাকে খরা প্রতিরোধী করা সম্ভব হয়েছে।  
*Arabidopsis* থেকে *At NHXI* জিন প্রবেশ করিয়ে 'পীনাট' উদ্ভিদকে লবণাক্ততা সহিষ্ণু করা হয়েছে।
17. সুপার রাইসে ক্যারোটিন তৈরির জন্য প্রতিস্থাপিত জিনের সংখ্যা কয়টি? [JU'19-20] [Ans: c]  
 (a) ২ (b) ৩ (c) ৪ (d) ৫
18. জীব প্রযুক্তির মাধ্যমে কোন জাতের ধান থেকে সুপার রাইস উদ্ভাবন করা হয়েছে? [RU'19-20] [Ans: d]  
 (a) বোরো (b) আউশ (c) আমন (d) জ্যাপোনিক
19. প্রথম বায়োটেক ড্রাগ কোনটি? [RU'18-19] [Ans: a]  
 (a) হিউমলিন (b) ইন্টারফেরন (c) সিল্কেন সেল প্রোটিন (d) ইরাইথ্রোপোইটিন
20. Golden Rice কোন ধরনের ধান? [BAU'18-19] [Ans: a]  
 (a) Genetically modified ধান (b) হাইব্রিড ধান  
 (c) দেশি জাতের ধান (d) লবণ সহিষ্ণু দেশি জাতের ধান
21. কোনটিতে ইনসুলিন তৈরির জিন সংযোজন করা হয়েছে? [DU'17-18] [Ans: c]  
 (a) *Bacillus* (b) *Lactobacillus* (c) *E. coli* (d) *Agrobacterium*
22. গোল্ডেন রাইস-এ কোন ভিটামিন রয়েছে? [KU'17-18; RU'09-10,07-08] [Ans: a]  
 (a) ভিটামিন-এ (b) ভিটামিন-বি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-ডি
23. কোন হরমোনটি জীবপ্রযুক্তির মাধ্যমে তৈরি করা যায়? [Ans: a][JnU'17-18]  
 (a) Somatotropin (b) Gibberellin (c) Cytokinin (d) Auxin
24. বাংলাদেশের জি.এম. ফসল বেগুনে কোন ব্যাকটেরিয়ার জিন যোগ করে পোকাকার আক্রমণ থেকে রক্ষা করেছে? [DU'16-17] [Ans: c]  
 (a) *Agrobacterium tumefaciens* (b) *Bacillus subtilis*  
 (c) *Bacillus thuringiensis* (d) *Bacillus amyloliquefaciens*
25. বাংলাদেশের প্রথম GM উদ্ভিদ কোনটি? [JnU'16-17,15-16] [Ans: d]  
 (a) Bt-ডাল (b) Bt-কলা (c) Bt-তুলা (d) Bt-বেগুন
26. *CryI Ac* জিনের উৎস কোনটি? [DU'15-16] [Ans: b]  
 (a) *Agrobacterium tumefaciens* (b) *Bacillus thuringiensis*  
 (c) *Agrobacterium tritici* (d) *Bacillus denitrificans*
27. বাংলাদেশে পাটের জিনোম (Genome) আবিষ্কার করেন কে? [JnU'13-14] [Ans: b]  
 (a) ড. ফারুক হোসেন (b) ড. মাকসুদুল আলম (c) ড. মাহফুজ রহমান (d) ড. ফেরদৌসী কাদরী



## Topic-04: জিনোম সিকোয়েন্সিং

## জিনোম সিকোয়েন্সিং

প্রবর্তক	➤ Dr. F. Sanger.
গুরুত্বপূর্ণ তথ্য	➤ একটি জীবের জিনোমকে ঐ জীবের 'মাস্টার ব্লু-প্রিন্ট' বলা হয়।
পাটের জিনোম সিকোয়েন্সিং	➤ বাংলাদেশি বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ও তাঁর সহযোগীরা তোষা পাটের ( <i>Corchorus olitorius</i> ) জিনোম সিকোয়েন্সিং তথা পাটের জীবনরহস্য উন্মোচন করেছেন।

- কোনো জীবের DNA কে রেস্ট্রিকশন এনজাইম দিয়ে কর্তন করে জেল ইলেকট্রোফোরেসিস (Gel electrophoresis) এর মাধ্যমে (উক্ত DNA এর) যে ফটোগ্রাফিক বিন্যাস বা ছাপ পাওয়া যায় তাকে DNA finger print বা DNA profile বলে।
- DNA ফরেনসিকস (DNA Forensics) এর প্রয়োগ:
  - অপরাধী শনাক্তকরণ, (ii) পিতৃত্ব নির্ধারণ, (iii) স্বজন নির্ধারণ, (iv) শ্রেণিবিন্যাসের স্তর ও বৈশিষ্ট্যের মিল নির্ধারণ।

## MCQ

- অঙ্গের প্রতিস্থাপন সম্ভব কোন পদ্ধতিতে? [GST'23-24] [Ans: d]  
 (a) জিন ক্লোনিং (b) জিনোম স্ক্যানিং (c) ন্যানোটেকনোলজি (d) স্টেম সেল  
 ব্যাখ্যা: স্টেম সেল এক ধরনের বিশেষায়িত কোষ যা থেকে পরবর্তীতে অন্য সকল কোষ উৎপন্ন হয়। বিজ্ঞানীরা বর্তমানে অঙ্গ প্রতিস্থাপনের জন্য স্টেম সেলের এ বিশেষ ধর্ম কাজে লাগাচ্ছেন।
- কোনটি DNA ফরেনসিকস এর কাজ নয়? [JU'23-24] [Ans: d]  
 (a) অপরাধী সনাক্তকরণ (b) স্বজন নির্ধারণ  
 (c) অজ্ঞাত ব্যক্তির পরিচয় নির্ধারণ (d) GMO-র ঝুঁকি নিরূপণ
- মানব জিনোমে বেইজ-পেয়ারস (base-pairs) সংখ্যা কত মিলিয়ন? [RU'22-23] [Ans: d]  
 (a) 3 (b) 30 (c) 300 (d) 3000
- জীববিজ্ঞানে কি ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়? [RU'19-20] [Ans: a]  
 (a) বায়োইনফরম্যাটিক্স (b) বায়োমেট্রিক্স (c) বায়োকেমিস্ট্রি (d) কোনটিই নয়
- মানুষের ডিএনএ অংশের ফটোগ্রাফিক প্রসারণকে কী বলা হয়? [RU'19-20] [Ans: b]  
 (a) জিন ম্যাপ (b) DNA ফিঙ্গার প্রিন্ট (c) আইডিওগ্রাম (d) ক্যারিওটাইপ

## Written

- জিনোম সিকোয়েন্সিং বলতে কি বুঝায়? [RU'19-20]  
 সমাধান: জিনোম সিকোয়েন্সিং: DNA অণুর অনূর্ধ্ব ATGC বেসগুলো কোন অণুক্রমে সজ্জিত আছে তা হলো জিনোম সিকোয়েন্স, আর এই সিকোয়েন্স উদ্ঘাটন করাই হলো জিনোম সিকোয়েন্সিং। কোনো জীবের জিনোম সিকোয়েন্সিং সম্পন্ন হলে তার বিভিন্ন জিনের অবস্থান ও কার্যকারিতা জানা সহজ হয়। জিনের অবস্থান ও কাজ জানা গেলে তার ত্রুটি-বিচ্যুতি অপসারণ সহজতর হয়।

পরিশ্রমের সর্বোচ্চটা দিয়ে কেউ কখনো আফসোস করে নি।

- George Halas